গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

পত্র নং-৩৩.০২.৬১২২.৫০১.৩৭.০০১.২০-১৯১

তারিখ ঃ ২৬.১১.২০২০ খ্রি.

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় লিফ মনোনয়ন প্রসংগে।

পত্রনং৩৩.০২.০০০.৯০৭.৩৩.০০১.১৮.৬৬৪ তাং ০৮.১১.২০২০ খ্রি: মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গফরগাঁও উপজেলায় মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন " ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ১৫টি ইউনিয়নে একজন করে স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (**Local Extension Agent for Fisheries-LEAF**) মনোনয়ন দেওয়া প্রয়োজন। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০১.১২.২০২০ খ্রি. তারিখের ১২.০০ ঘটিকায় মধ্যে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের, গফরগাঁও, ময়মনসিংহ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হল। প্রকল্পের সম্প্রসারণ ও প্রশিক্ষণ কাজ সুচারুরুপে সম্পাদনের লক্ষ্যে প্রকল্প মেয়াদে প্রত্যেক লিফকে মাসে ২০০০/- (দুই হাজার) টাকা সম্মানী ভাতা প্রদান করা হবে। উল্লেখ্য লিফগণ প্রকল্পের মেয়াদের জন্য মনোনয়ন পাবেন। (লিফের দায়িত্ব: ২য় পাতায় দেয়া হল)।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ বরাবর আবেদন (হার্ডকপি) করতে হবে। আবেদনপত্রের সাথে ১ কপি পাসপোর্ট আকারের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের কপি ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) জমা দিতে হবে। শুধুমাত্র সংশ্লিস্ট ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসরত নাগরিকরাই তার ইউনিয়নের লিফ পদে আবেদন করতে পাবেব। আবেদনে অবশ্যই আবেদনকারীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

মনোনয়ন প্রক্রিয়া: আগামী ০১.১২.২০২০ খ্রি তারিখে দুপুর ২.৩০ঘটিকায় উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ আবেদনকারীদের লিখিত বা মৌখিক পরীক্ষার মাধ্যমে লিফ মনোনয়ন করা হবে।

আবেদনের যোগ্যতাবলী: ১। মৎস্য চাষি হতে হবে। ২। কমপক্ষে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। ৩। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত কোন ছাত্র/ছাত্রী কে লিফ (LEAF) হিসেবে নিবাচন করা যাবে না। ৪। সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। ৫। নারী-পুরুষ উভয়কে সমানভাবে সুযোগ দেয়া যাবে। ৬। বয়স ১৮ হতে ৫০ বছরের হতে হবে। ৭। সরকারি/বেসরকারি কোন সংস্থার বেতনভূক্ত কর্মচারি /সম্মানী ভাতা প্রাপ্ত ব্যাক্তিকে লিফ নির্বাচিত করা হবে না। ৮। বাইসাইকেল চালাতে সক্ষম ও আগ্রহী হতে হবে। ৯। মাছ চাষে প্রশিক্ষণপ্রাপ্ত ও মৎস্য সম্প্রসারণ কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে। ১০। লিফ মনোনয়নে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬/১১/২০২০
মালিক তানভীর হোসেন
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

তারিখ ঃ ২৬.১১.২০২০ খ্রি.

পত্র নং-৩৩.০২.৬১২২.৫০১.৩৭.০০১.২০-১৯১/১(২১)

সদয় অবগির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১. উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২. জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।
৩. প্রকল্প পরিচালক ,ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, ঢাকা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
৫. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
৬. চেয়ারম্যান ......................ইউনিয়ন পরিষদ (সকল), গফরগাঁও, ময়মনসিংহ।
৭. নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ/ অত্র দপ্তর, গফরগাঁও, ময়মনসিংহ।
৮. সংশ্লিষ্ট নথি।

২৬/১১/২০২০
মালিক তানভীর হোসেন
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

স্থানীয় মৎস্য সম্প্রসারণ প্রতিনিধি (LEAF) এর দায়িত্ব ও কর্তব্য:

০১. ইউনিয়ন পর্যায়ে মৎস্য অধিদপ্তরের সম্প্রসারণ কর্মীর দায়িত্ব পালন করা।

০২. সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় এবং স্থানীয় মৎস্যচাষি ও সংশ্লিষ্টদের মাঝে কার্যকর যোগসূত্র স্থাপন করা।

০৩. সম্প্রসারণ পদ্ধতি ও মৎস্য কার্যক্রম সম্পর্কে কারিগরি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করা ও মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

০৪. স্ব-স্ব ইউনিয়নের ওয়ার্ড ও গ্রামভিত্তিক নির্দিষ্ট ছকে মৎস্য সম্পদ জরিপ করা এবং উপজেলা মৎস্য অফিসে তথ্যাদি সরবরাহ ও সংরক্ষণ করা।

০৫. উপজেলা মৎস্য অফিসে মাসিক সভায় যোগদান ও বাস্তবায়িত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনপূর্বক প্রতিবেদন দাখিল করা।

০৬. ফলাফল প্রদর্শক চাষি, সহযোগী চাষি এবং অন্যান্য সাধারণ মৎস্যচাষিদের খামার পরিদর্শন করে পরামর্শ প্রদানপূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করা।

০৭. লিফ এর নিকট আগত মৎস্যচাষিকে পরামর্শ প্রদান করে রেজিষ্টারে লিপিবদ্ধ করা।

০৮. স্থানীয় পর্যায়ে মৎস্যচাষ সংক্রান্ত কারিগরি ও ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যাদি প্রয়োজনে উপজেলা মৎস্য কার্যালয়ের গোচরে আনা এবং সম্ভাব্য সমাধানের পন্থা জেনে নিয়ে মাঠ পর্যায়ে পৌছে দেয়া।

০৯. *প্রদর্শনী খামার নির্বাচনে/ স্থাপনে ফলাফল প্রদর্শক (আরডি), সহযোগী চাষি (এফএফ) ও সিবিজি প্যাকেজ নির্বাচনে সংশ্লিষ্ট* উপজেলা মৎস্য কর্মকর্তাকে সহায়তাকরণ।

১০. স্ব স্ব ইউনিয়নের ফলাফল প্রদর্শক চাষি ও সহযোগী মৎস্যচাষিদের চাহিদা ও সামর্থ্যের ভিত্তিতে পুকুরের উৎপাদন কর্ম পরিকল্পনা তৈরিতে সহায়তা প্রদান করা এবং বাস্তবায়ন তথ্যাদি রেকর্ড বই এ লিপিবদ্ধকরণে প্রত্যক্ষ/পরোক্ষ ভূমিকা পালন করা।

১১. প্রকল্প থেকে উপজেলা মৎস্য কার্যালয়ের মাধ্যমে সুফলভোগীদেরকে প্রদত্ত উৎপাদন সামগ্রী পুকুরে প্রয়োগ তদারকি করা ও কার্যকর ব্যবহার নিশ্চিত করা।

১২. পারস্পরিক সমঝোতার ভিত্তিতে সেবা মূল্য গ্রহণ করে সমস্যা দুরীকরণে সহায়তা প্রদান করা।

১৩. সংশ্লিষ্ট ইউনিয়নে মাছচাষ পরামর্শ কেন্দ্র স্থাপন করা।

১৪. সম্প্রসারণ ও পরামর্শ কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত সম্প্রসারণ সামগ্রী ও বাইসাইকেলের যথাযথ ব্যবহার ও সংরক্ষণ করা।

১৫. সংশ্লিষ্ট ইউনিয়ন মৎস্যচাষ ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করা।

১৬. সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক আয়োজিত বিশেষ অনুষ্ঠান/কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা।

১৭. সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কার্যালয় কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা ও দায়িত্ব সম্পাদনের জন্য তাদের নিকট দায়বদ্ধ থাকা।